# রোববার এয়ার অ্যাম্বুলেন্সে সিঙ্গাপুর নেওয়া হবে মির্জা আব্বাসকে



ছবি: সংগৃহীত

মির্জা আব্বাসকে উন্নত চিকিৎসার জন্য সিঙ্গাপুরে নেওয়ার প্রস্তুতি চূড়ান্ত পর্যায়ে। বর্তমানে রাজধানীর এভারকেয়ার হাসপাতাল-এ চিকিৎসাধীন এই বিএনপি নেতা ও প্রধানমন্ত্রীর উপদেষ্টাকে সবকিছু ঠিক থাকলে রোববার (১৫ মার্চ) এয়ার অ্যাম্বুলেন্সে নেওয়া হবে।

তার সঙ্গে যাওয়ার কথা রয়েছে সহধর্মিণী ও জাতীয়তাবাদী মহিলা দলের সভানেত্রী আফরোজা আব্বাস এবং জ্যেষ্ঠ পুত্র মির্জা ইয়াসির আব্বাসের।

শুক্রবার মস্তিষ্কে দু'দফা অস্ত্রোপচারের পর তাকে নিবিড় পর্যবেক্ষণে রাখা হয়। শনিবার সকালে করা সিটি স্ক্যানের রিপোর্ট সন্তোষজনক বলে জানিয়েছে মেডিকেল বোর্ড।

গত বুধবার ইফতারের সময় অসুস্থ হয়ে অচেতন হলে তাকে হাসপাতালে ভর্তি করা হয়। প্রথমে শুক্রবার সন্ধ্যায় সিঙ্গাপুরে নেওয়ার পরিকল্পনা থাকলেও শারীরিক অবস্থার অবনতি হওয়ায় দেশে থেকেই অস্ত্রোপচারের সিদ্ধান্ত নেওয়া হয়।

LENS ASIA